

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল  
সংস্থাপন শাখা-২  
www.barisaldiv.gov.bd

১৫ কার্তিক ১৪৩০

তারিখ: -----

৩১ অক্টোবর ২০২৩

নম্বর : ০৫.১০.০০০০.০০২.০১.০১৫.২৩.১১৫

অফিস আদেশ

জনাব সুপ্রভা রানী হালদার, প্রাক্তন উপসহকারী প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল সরকারি চাকরিতে কর্মরত অবস্থায় বিগত ০২.১০.২০২৩ খ্রি. তারিখ মৃত্যুবরণ করায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নম্বর আইন)-এর ৪৫ ধারা অনুযায়ী তাকে ০২.১০.২০২৩ খ্রি. তারিখ সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। সংশ্লিষ্ট কর্মচারীর চাকরি বহি অনুযায়ী জন্ম তারিখ ১৮.০২.১৯৬৬ খ্রি., সরকারি চাকরিতে যোগদানের তারিখ ১৪.১১.১৯৯০ খ্রি. অবসরের তারিখ ০২.১০.২০২৩ খ্রি.। শেষ বেতনের প্রত্যয়নপত্র (এলপিসি) অনুযায়ী তার সর্বশেষ গৃহীত মাসিক মূল বেতন ২৫,৩২০/- (পঁচিশ হাজার তিনশত বিশ) টাকা এবং পূর্ণগড় বেতনে প্রাপ্য অর্জিত ছুটি ০১ বছর ০৭ মাস ০৮ দিন এবং অর্ধগড় বেতনে প্রাপ্য অর্জিত ছুটি ০২ বছর ০৭ মাস ১১ দিন।

০৩। মৃত কর্মচারীর স্বামী জনাব মনোরঞ্জন হালদার কর্তৃক দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা-এর ১৪ অক্টোবর ২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭১ ১৩.০০৬.১৫.৮১ নম্বর প্রজ্ঞাপনের আলোকে তার অনুকূলে সংশ্লিষ্ট কর্মচারীর প্রাপ্য অর্জিত ছুটির বিনিময়ে ছুটি নগদায়ন ভাতা বাবদ ৪,৫৫,৭৬০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার সাতশত ষাট) টাকা, আনুতোষিক বাবদ এককালীন ২৬,২০,৬২০/- (ছাশ্বিশ লক্ষ বিশ হাজার ছয়শত বিশ) টাকা মাত্র মঞ্জুর করা হলো। এছাড়া, মৃত কর্মচারীর স্বামী জনাব মনোরঞ্জন হালদার-এর অনুকূলে ০৩.১০.২০২৩ খ্রি. তারিখ থেকে মাসিক ১১,৩৯৪/- (এগার হাজার তিনশত চুরানব্বই) টাকা হারে অবসর ভাতাসহ চিকিৎসা ভাতা এবং প্রচলিত বিধি মোতাবেক অন্যান্য ভাতা মঞ্জুর করা হলো।

০৪। বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বঃ /-

মোঃ মাইনুল ইসলাম খান  
সহকারী কমিশনার  
ফোন : ০২৪৭৮৮৬৪২১৯

১৫ কার্তিক ১৪৩০

তারিখ: -----

৩১ অক্টোবর ২০২৩

নম্বর : ০৫.১০.০০০০.০০২.০১.০১৫.২৩.১১৫(৭)

সদয় অবগতির জন্য/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল।

০২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, বরিশাল

(মৃত সুপ্রভা রানী হালদার, প্রাক্তন উপসহকারী প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল-এর মূল চাকরি বহি এবং তার স্বামী কর্তৃক দাখিলকৃত পারিবারিক পেনশন মঞ্জুরের নির্ধারিত আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো। জনাব মনোরঞ্জন হালদার, বর্তমান ঠিকানা : মুসলিম গোরস্থান রোড, ডাকঘর : বরিশাল ৮২০০, ওয়ার্ড নম্বর : ২০, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল-এর অনুকূলে পিপিও ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো)।

০৩। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, বরিশাল (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন-১ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।

০৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল (ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)।

০৬। হিসাবরক্ষক, সংস্থাপন-২ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।

০৭। জনাব মনোরঞ্জন হালদার, বর্তমান ঠিকানা : মুসলিম গোরস্থান রোড, ডাকঘর : বরিশাল ৮২০০, ওয়ার্ড নম্বর : ২০, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল (মৃত সুপ্রভা রানী হালদার, প্রাক্তন উপসহকারী প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন-১ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল-এর স্বামী)।

Moinul Islam  
৩১.১০.২০২৩

মোঃ মাইনুল ইসলাম খান  
সহকারী কমিশনার  
ফোন : ০২৪৭৮৮৬৪২১৯